

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

বীজ অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ পৌষ ১৪২৫/০৭ জানুয়ারি ২০১৯

নং ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.২৭৮।—ইন্ট্রিড গমের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি মন্ত্রণালয় হতে প্রশাসনিকভাবে অনুমোদিত হয়েছে। এ পরিবেক্ষিতে ইন্ট্রিড গমের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি সংশোধন সকলের অবগতি ও অনুসরণের জন্য জারি করা হলো।

ইন্ট্রিড গমের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি

বীজ আইন, ২০১৮ এবং জাতীয় বীজ বোর্ডের সভার সিদ্ধান্তের সাথে সরাসরি পরিপন্থি না হলে ইন্ট্রিড গমের জাত মূল্যায়ন এবং ছাড়করণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :

- (১) ইন্ট্রিড গম ফসলের জাত মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তাবকারী প্রতিষ্ঠানকে নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-ক) জাত ছাড়করণের প্রস্তাৱ, প্রস্তাবিত জাতের কমপক্ষে ১০ (দশ) কেজি বীজ এবং ট্রায়াল খরচ বাবদ অর্থ; ১৫ অক্টোবৰের মধ্যে সদস্য-সচিব, কারিগরি কমিটি ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি ব্যাবর পাঠাতে হবে।
- (২) প্রতিটি প্রস্তাবিত জাতের মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রস্তাবকারী প্রতিষ্ঠানকে জাতপ্রতি ১,০০০ (এক হাজার) টাকা এন্ট্ৰি ফি সরকারি কোষাগারে কোড নং-১-৮৩৩৮-০০০০-২০১৭ এ জমা দিয়ে চালানের কপি বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট

(২৪৯)

মূল্য : টাকা ৮.০০

দাখিল করতে হবে। প্রতিটি প্রস্তাবিত জাতের ট্রায়াল ও আনুষঙ্গিক (সাইনবোর্ড, সার, শ্রমিক ইত্যাদি) খরচ বাবদ ১২,০০০ (বার হাজার) টাকা এবং মূল্যায়ন দলের সদস্যদের দুইবার মূল্যায়নের জন্য সম্মানী ভাতা ১৪,০০০ (চৌদ্দ হাজার) টাকা ও আপ্যায়ন ভাতা ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ সর্বমোট ৩২,০০০ (বিশ্রিষ্ট হাজার) টাকা পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বরাবর জমা দিতে হবে।

- (৩) জাত মূল্যায়নের জন্য দেশের ১৩টি কৃষি অঞ্চলের মধ্যে ন্যূনতম ১০টি অঞ্চলে The Randomized Complete Block Design (RCBD)-এ ৩টি রেপ্লিকেশন-এর মাধ্যমে ৪টি অনস্টেশন পরীক্ষা এবং ৬টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করতে হবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চেয়ে কমপক্ষে ৬টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশি ফলন বা বিশেষ গুণসম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে। তবে প্রতিকূল পরিবেশ সহিষ্ণু জাতের বিবেচনায় ন্যূনতম ৬টি অঞ্চলে ২টি অনস্টেশন পরীক্ষা এবং ৪টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চেয়ে কমপক্ষে ৪টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশি ফলন বা বিশেষ গুণসম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।
- (৪) বীজ প্রত্যয়ন এজেন্সির সংশ্লিষ্ট জেলা বীজ প্রত্যয়ন অফিসার, অনফার্ম পরীক্ষা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্থানীয় জনবলের সহযোগিতায় সম্পন্ন করবে এবং অনস্টেশন পরীক্ষা সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের স্থানীয় জনবলের সহযোগিতায় সম্পন্ন করবে। উক্ত পরীক্ষা VCU (Value for Cultivation and Use) পরীক্ষা হিসেবে বিবেচিত হবে।
- (৫) আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মূল্যায়নের বিস্তারিত তথ্য ছক আকারে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট জমা দিতে হবে।
- (৬) প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারী আবেদনপত্রের সঙ্গে প্রস্তাবিত জাতের Molecular Data (DNA Fingerprinting Data)-সহ সদস্য-সচিব, কারিগরি কমিটি ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বরাবর পাঠাতে হবে।
- (৭) মূল্যায়ন কর্মসূচিতে প্রস্তাবিত জাতের উদ্দেশ্য বিবেচনায় রেখে এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ স্ট্যান্ডার্ড চেক (ছাড়কৃত সর্বোচ্চ ফলন ও সমজীবনকাল সম্পন্ন জাত) হিসেবে গ্রহণ করে Test Design করতে হবে। এক্ষেত্রে দানার আকার-আকৃতি, জীবনকাল, ফলন এবং জনপ্রিয় জাতকে স্ট্যান্ডার্ড চেক হিসেবে বিবেচনা করতে হবে। চেক জাতের ক্ষেত্রে প্রজনন শ্রেণির বীজ পরীক্ষার জন্য ব্যবহার করতে হবে।

- (৮) ট্রায়ালের ক্ষেত্রে একক প্লট সাইজ ($5\times 8=40$) বর্গমিটার হবে। যেহেতু বিভিন্ন অঞ্চলে প্রস্তাবিত জাত মূল্যায়ন করা হবে, সেহেতু প্রস্তাবিত জাতের গড় উৎপাদন ক্ষমতা এবং অন্যান্য বৈশিষ্ট্য চেক জাতের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। প্রস্তাবিত এবং চেক উভয় জাত কোড নম্বর দিয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি ট্রায়ালের জন্য বিভিন্ন অঞ্চলে বিতরণ করবে। সার, সোচ ও অন্যান্য পরিচর্যা চেক এবং প্রস্তাবিত উভয় জাতের ক্ষেত্রে একই ধরনের হবে।
- (৯) জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত মাঠ মূল্যায়ন দল কর্তৃক মূল্যায়ন কার্যাদি পরিচালিত হবে।
- (১০) জাত মূল্যায়ন ও মাঠ মূল্যায়নের কার্যক্রমের তথ্য পরিশিষ্ট ‘খ’ তে উল্লিখিত ছকে সংগ্রহ করতে হবে।
- (১১) প্রতিটি জাতের বৈশিষ্ট্য মাঠ মূল্যায়নের সময় মূল্যায়িত হবে। প্রতিটি অনস্টেশন ও অনফার্ম পরীক্ষার জন্য মূল্যায়ন ছকে (পরিশিষ্ট : খ) তথ্য সংগ্রহ করে মূল্যায়ন দলের মতামতসহ এক মাসের মধ্যে সরাসরি সদস্য-সচিব, কারিগরি কমিটি ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট পাঠাতে হবে। উক্ত অনস্টেশন ও অনফার্ম এর ফলাফল দিয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি একটি Computerized Mean Performance Sheet তৈরি করবে।
- (১২) VCU (Value for Cultivation and Use) পরীক্ষার কার্যক্রম অবশ্যই প্রথম বছর DUS (Distinctness, Uniformity and Stability) পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করার পর শুরু করতে হবে।
- (১৩) অনফার্ম ও অনস্টেশন পরীক্ষার ফলাফল প্রাপ্তির দুই মাসের মধ্যে বিশ্লেষিত তথ্য ও মাঠ মূল্যায়ন দলের মতামতসহ প্রতিবেদন বীজ প্রত্যয়ন এজেন্সি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবে।
- (১৪) কারিগরি কমিটির সভায় বিস্তারিত যাচাই-বাচাই শেষে সুপারিশ সহকারে গড় ফলন, জীবনকাল, উৎস ও অন্যান্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসহ জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করবে।

অনস্টেশন এবং অনফার্ম-এর ট্রায়াল স্থান :

<u>অধ্যল</u>	<u>প্রাতিষ্ঠানিক খামার</u>	<u>কৃষক পর্যায়ে</u>
(১) ঢাকা অধ্যল	বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট (বারি), গাজীপুর; সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ	
(২) ময়মনসিংহ অধ্যল	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউট (বিনা), ময়মনসিংহ/আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, জামালপুর;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৩) কুমিল্লা অধ্যল	আঞ্চলিক কেন্দ্র, বি. কুমিল্লা/কৃষি গবেষণা উপকেন্দ্র, বারি, কুমিল্লা;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৪) চট্টগ্রাম অধ্যল	আঞ্চলিক কেন্দ্র, বি. সোনাগাজী/বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), মহিপাল, ফেরী/আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, হাটহাজারী, চট্টগ্রাম;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৫) বরিশাল অধ্যল	আঞ্চলিক কেন্দ্র, বি. বরিশাল/আঞ্চলিক কেন্দ্র, বারি, রহমতপুর, বরিশাল/কৃষি প্রশিক্ষণ ইনসিটিউট (ATI), বরিশাল, বরিশাল/লাকুটিয়া ফার্ম, বিএডিসি, বরিশাল;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৬) যশোর অধ্যল	বীজ উৎপাদন খামার, বিএডিসি, দত্তনগর/আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, যশোর;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৭) রাজশাহী অধ্যল	আঞ্চলিক কেন্দ্র, বি. রাজশাহী/আঞ্চলিক কেন্দ্র, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনসিটিউট, শ্যামপুর, রাজশাহী;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৮) রংপুর অধ্যল	আঞ্চলিক কেন্দ্র, বি. রংপুর/ কৃষি গবেষণা উপকেন্দ্র, বারি, রংপুর/বাংলাদেশ পাট গবেষণা ইনসিটিউট (বিজেআরআই) আঞ্চলিক কেন্দ্র, রংপুর;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ
(৯) সিলেট অধ্যল	আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, আকবরপুর, মৌলভীবাজার/আঞ্চলিক কেন্দ্র, বি. হবিগঞ্জ/বীজ উৎপাদন খামার, বিএডিসি, খাদিমনগর, সিলেট;	সংশ্লিষ্ট অধ্যলের কৃষকের মাঠ

<u>অঞ্চল</u>	<u>প্রাতিষ্ঠানিক খামার</u>	<u>কৃষক পর্যায়ে</u>
(১০) ফরিদপুর অঞ্চল	কৃষি প্রশিক্ষণ ইনসিটিউট এটিআই, ফরিদপুর/মসলা গবেষণা উপকেন্দ্র, বারি, ফরিদপুর/আঞ্চলিক কেন্দ্র, বি, ভাঙ্গা;	সংশ্লিষ্ট অঞ্চলের কৃষকের মাঠ
(১১) খুলনা অঞ্চল	আঞ্চলিক কেন্দ্র, বি, সাতক্ষীরা/আঞ্চলিক কেন্দ্র, বিনা, সাতক্ষীরা;	সংশ্লিষ্ট অঞ্চলের কৃষকের মাঠ
(১২) বগুড়া অঞ্চল	আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, সিশ্রদান্তী/বীজ উৎপাদন খামার, বিএডিসি, টেবুনিয়া, পাবনা; এবং	সংশ্লিষ্ট অঞ্চলের কৃষকের মাঠ
(১৩) দিনাজপুর অঞ্চল	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনসিটিউট, নশিপুর, দিনাজপুর/পাট বীজ উৎপাদন খামার, বিএডিসি, দিনাজপুর।	সংশ্লিষ্ট অঞ্চলের কৃষকের মাঠ

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশ্রাফ উদ্দিন আহমেদ

অতিরিক্ত সচিব

ও

মহাপরিচালক, বীজ অনুবিভাগ।

পরিশিষ্ট 'ক'

ইন্ট্রিড গমের জাত মূল্যায়ন প্রস্তাবনা

- (১) (ক) সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম :
 (খ) ঠিকানা :
 (গ) প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তির মোবাইল নম্বর :
 (ঘ) ইমেইল :
- (২) বীজ ডিলার নিবন্ধন নম্বর : তারিখ :
- (৩) প্রস্তাবিত ইন্ট্রিড সারিব নং :
- প্রস্তাবিত ইন্ট্রিড গমের জাতের নাম :
- (৪) হেক্টরপ্রতি ফলন (মেঘটন) :
- (৫) পোকা-মাকড় ও রোগবালাই এর প্রতিক্রিয়া :
- (৬) গাছে ফুল আসার জন্য আপেক্ষিক Photo Period Requirement :
- (৭) প্রস্তাবিত জাতের জীবনকাল (বীজ থেকে বীজ) : দিন
- (৮) জাত শনাক্তকারী বৈশিষ্ট্য (একাধিক হতে পারে) :
 (প্রমাণপত্র দাখিল করতে হবে)
 ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং ডাটা (যদি থাকে) :
- (৯) সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) :
- (১০) কোন কোন অঞ্চল ও কোন কোন মৌসুমের জন্য ইন্ট্রিড গমের জাত
 মূল্যায়নের প্রস্তাব করা হচ্ছে অঞ্চল
 মৌসুম
- (১১) মোট টেস্ট প্লটসমূহের জন্য বীজ সরবরাহ ও নির্ধারিত অঙ্কের অর্থ
 প্রদানের রশিদ :
- (১২) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব ট্রায়ালের প্রাপ্ত ফলাফল (দুই বছরের) :

প্রস্তাবকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার

স্বাক্ষর :

নাম :

পদবি :

তারিখ :

পরিশিষ্ট-খ

ইনক্রিড গমের লাইনের মাঠ মূল্যায়ন ছক

পরিদর্শনের তারিখ (ফুল ও পরিপক্ষতার পর্যায়) ফুল আসার পর্যায় পরিপক্ষতার পর্যায়
 ট্রায়ালের স্থান

জাতের কোড নম্বর	বীজ তলায় বপনের তারিখ	মূল জমিতে রোপনের তারিখ	৫০% ফুল পরিপক্ষতার তারিখ	পরিপক্ষতার সময় (দিন) (বীজ থেকে বীজ)	প্রধান রোগসমূহ প্রতিক্রিয়া মানদণ্ড (০-৯)	প্রধান পোকা মাকড় প্রতিক্রিয়া মানদণ্ড (০-৯)	ফেনোটাইপিক গ্রহণযোগ্যতা মানদণ্ড (০-৯)	চলে পড়া মানদণ্ড (০-৯)	ফলন কেজি/হেক্টের (১৪% আর্দ্রতায়)			ছাঢ়করণের জন্য সুপারিশকৃত (হ্যানা) সুপারিশের পক্ষে সংক্ষিপ্ত বর্ণনা	মন্তব্য	
									R ₁	R ₂	R ₃			
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15

তথ্য সংগ্রহকারীগণের নাম, পদবি ও স্বাক্ষর

মূল্যায়ন দলের সদস্যবৃন্দের

নাম, পদবি ও স্বাক্ষর

৫০% ফুল ফোটার তারিখ

কর্তনের তারিখ

দলনেতার নাম, স্বাক্ষর, তারিখ

পদবি/প্রতিষ্ঠান

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd